যায়যায়দিন

NOV. 10 2006

পৃষ্ঠা ১২ কলাম ১

## প্রধান উপদেষ্টাকে স্মারকলিপি

# শিক্ষা প্রতিষ্ঠানের আয় সরকারি কোষাগা
# জমা দেয়ার শর্ত প্রত্যাহারের দাবি

যাযাদি রিপোর্ট

শিক্ষা মন্ত্রণালয়ের ৩১ অক্টোবরের আদেশে ১০ ভাগ বেতনের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের আয় সরকারি কোষাগারে জমাদানের শর্ত অবিলম্বে প্রত্যাহারের আহ্বান জানিয়েছে জাতীয় শিক্ষক-কর্মচারী ফ্রন্ট। এ আহ্বান জানিয়ে তারা প্রেসিডেন্ট ও প্রধান উপদেষ্টার কাছে স্মারকলিপিও দিয়েছে। প্রধান উপদেষ্টার পক্ষে তার এপিএস গনি হাওলাদার স্মারকলিপি গ্রহণ করেন। এর আগে মুক্তাঙ্গনে তারা সমাবেশ ও বিক্ষোভ মিছিল করে। সমাবেশে সভাপতিত্ব করেন ফ্রন্টের প্রধান সমন্বয়কারী ও আহ্বায়ক অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ।

সমাবেশে শিক্ষক নেতারা বলেন, সা
শিক্ষামন্ত্রী ১০ ভাগ বেতন বৃদ্ধির
প্রতিষ্ঠানের আয় জমা দিতে হবে না
একাধিকবার ঘোষণা ও প্রতি
দিয়েছিলেন। কিন্তু তত্ত্বাবধায়ক স
গঠিত হওয়ার পর ৩১ অক্টোবর
মন্ত্রণালয়ের জারি করা আদেশে ত
শিক্ষা প্রতিষ্ঠানের অর্থ সরকারি কোষা
জমাদানের শর্ত জুড়ে দিয়ে তিন ম
মধ্যে নীতিমালা প্রণয়নের কথা
হয়েছে। জোট সরকার বা তাদের
প্রতিমন্ত্রী এখন নেই। কিন্তু অবস্থাদৃষ্টে
হয় জোট সরকার এখনো ক্ষম
শিক্ষক নেতারা বলেন, পৃ ২৭
সব শিক্ষা প্রতিষ্ঠানের

## শিক্ষা প্রতিষ্ঠানের আয়

*(শেষ পৃষ্ঠার পর)*

পরিচালনা পরিষদ থেকে সাবেক এমপিসহ দলীয় ব্যক্তিদের অপসারণ করতে হবে। এছাড়া জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভিসি, শিক্ষা বোর্ডের চেয়ারম্যান ও সচিব, বিয়ামের পরিচালক, মাউশির মহা পরিচালককে অবিলম্বে অপসারণ ও সব চুক্তিভিত্তিক নিয়োগ বাতিল করতে হবে। তারা বলেন, বিগত সরকারের শিক্ষামন্ত্রী ও প্রতিমন্ত্রীর দুর্নীতি তদন্তে জরুরি ভিত্তিতে ব্যবস্থা নিতে হবে। দেশ-বিদেশে গ্রহণযোগ্য নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে জাতীয় স্বার্থকে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে বর্তমান প্রধান নির্বাচন কমিশনারকে পদত্যাগ করতে হবে। তারা সুষ্ঠু নির্বাচনের লক্ষ্যে জাতীয় ঐকমত্যের ভিত্তিতে আস্থাভাজন ব্যক্তিদের সমন্বয়ে নির্বাচন কমিশন পুনর্গঠনের দাবি জানান। সমাবেশে বক্তব্য রাখেন এসএম আবদুল